



তথ্যবিবরণী

নম্বর-২৭২

## অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত

রাজশাহী, ০৯ জ্যৈষ্ঠ (২৩ মে):

আজ বৃহস্পতিবার (২৩ মে) দুপুরে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস (পিআইডি)-এর আয়োজনে অফিসের সম্মেলন কক্ষে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন রাজশাহী পিআইডি'র উপপ্রধান তথ্য অফিসার মো: তৌহিদুজ্জামান।

সভায় সরকারি দপ্তরে সুশাসন প্রতিষ্ঠায় ব্যবহৃত বিভিন্ন কার্যক্রম বিষয়ে অংশগ্রহণকারীদের ধারণা প্রদান করা হয়। রাজশাহী পিআইডি'র পক্ষ থেকে জানানো হয় যে, সরকারি দপ্তরের সেবা পাওয়ার ক্ষেত্রে সেবাহীতার যদি অভিযোগ থাকে তবে তিনি ঐ দপ্তরে অভিযোগ করতে পারবেন। এক্ষেত্রে সরাসরি বা ই-মেইলে অভিযোগের পাশাপাশি সরকার এখন অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) নামের একটি সফটওয়্যার চালু করেছে যেখানে খুব সহজে অভিযোগ দাখিল করা যায়। আর জিআরএস সফটওয়্যারের অভিযোগ নিষ্পত্তির বিষয়টি সংশ্লিষ্ট দপ্তরের উর্ধ্বতন কতৃপক্ষও পর্যবেক্ষণ করে থাকে।

সভায় রাজশাহী থেকে প্রকাশিত সাতটি দৈনিক পত্রিকার প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীরা অভিযোগ প্রতিকার ব্যবস্থাসহ সরকারের কল্যাণমুখী উদ্যোগগুলোর বেশি বেশি প্রচারের উপর গুরুত্বারোপ করেন।

সভায় রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের সিনিয়র তথ্য অফিসার তাজকিয়া আকবारी ও মোঃ আতিকুর রহমান শাহ, তথ্য অফিসার মোঃ আরিফ হোসাইন প্রমুখ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৫.১০ঘ.